দৈনিক বাংলা

তারিখ ... 23 NOV 1989
পৃষ্ঠা ... 7 ... কলাম 6

29

38

# পলিটেকনিক ছাত্রদের ৬ দফা মানার আহবান

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

দেশের ১৮টি পলিটেকনিক ইনস্টিটিউটের ২৫ হাজার ছাত্রছাত্রী ৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে ২৮শে নবেম্বর থেকে অবিরাম ধর্মঘট শুরু করবে। তারা ২৭শে নবেম্বরের মধ্যে দাবী মানার আহবান জানান।

এছাড়া ৬ দফা দাবীর সমর্থনে এর আগে পর্যায়ক্রমে অবস্থান ধর্মঘট বিক্ষোভ সমাবেশ ও প্রতীক অনশনের কর্মসূচী পালন করা হবে।

গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে পলিটেকনিক ছাত্রদের সংগঠন 'বাংলাদেশ কারিগরি ছাত্র পরিষদের' নেতৃবৃন্দ এ কর্মসূচী ঘোষণা করেন। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কারিগরি ছাত্র পরিষদের আহবায়ক এবং ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্র সংসদের ভিপি রুহুল

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## আহ্বান

(১-এর পৃঃ পর)

কুদ্দুস।

সাংবাদিক সম্মেলনে কারিগরি ছাত্র পরিষদের নেতৃবৃন্দ দাবী সমূহের যৌক্তিকতা ব্যাখ্যা করে বলেন, পরীক্ষার ক্ষেত্রে নতুন নিয়ম চালু করার ফলে কারিগরি শিক্ষা ব্যবস্থায় সামগ্রিকভাবে বিশৃংখলার সৃষ্টি হয়েছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রাইভেট পড়ার হিড়িক পড়েছে। এছাড়া পলিটেকনিক ইনস্টিটিউটগুলিতে ছাত্র সংখ্যাও কমে যাচ্ছে।